ভোরের কাগজ

তারিখ ........

পৃষ্ঠা ....... কলাম .......

# অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেওয়ার জন্য উপাচার্যকে নীল শিক্ষকদের অনুরোধ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দিয়ে ছাত্রছাত্রীদের শিক্ষাজীবন নির্বিঘ্ন করা ও শামসুন্নাহার হলের সাবেক প্রভোস্ট সুলতানা শফিসহ ছাত্রীদের বিরুদ্ধে দায়ের করা মামলা প্রত্যাহারের অনুরোধ জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের নীল দলের শিক্ষকরা।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য ইউসুফ হায়দারের সঙ্গে তার কার্যালয়ে গতকাল বিকালে বিশ্ববিদ্যালয় খুলে দেওয়ার বিষয়ে আলোচনাকালে নীল দলের শিক্ষকরা উপাচার্যকে এই অনুরোধ জানান।

প্রসঙ্গত, বিশ্ববিদ্যালয় খুলে দেওয়ার লক্ষ্যে বিভিন্ন মহলের সঙ্গে আলোচনার অংশ হিসেবে নীল দলের শিক্ষকদের সঙ্গে উপাচার্য গতকাল এই সভায় মিলিত হন।

নীল দলের শিক্ষকরা উপাচার্যকে বলেন, যতো তাড়াতাড়ি সম্ভব ছাত্রীদের নামে দায়ের করা মামলা প্রত্যাহার করে বিশ্ববিদ্যালয় খুলে দিন। তারা আরো বলেছেন, বিশ্ববিদ্যালয় খোলার বিষয়টি অনিশ্চয়তার মধ্যে না রেখে নির্দিষ্ট একটা তারিখ দিন যেদিন খুলে দিতে পারবেন। নীল দলের শিক্ষকরা শিক্ষক নিয়োগে যাতে কোনো অনিয়মের আশ্রয় না নেওয়া হয় সে বিষয়টিও উপাচার্যের কাছে তুলে ধরেন।

উপাচার্য শিক্ষকদের বলেছেন, বিশ্ববিদ্যালয় খুলে দেওয়ার ব্যাপারে আমরা আগামী সপ্তাহে সিন্ডিকেটের সভা ডেকে সিদ্ধান্ত নেবো। তিনি আরো বলেন, বিশ্ববিদ্যালয় খুলে দেওয়ার ব্যাপারে আমার কোনো বাধা নেই।

নীল দলের শিক্ষকদের মধ্যে অধ্যাপক মেজবাহউদ্দীন আহমেদ, অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক, অধ্যাপক কাজী শহীদুল্লাহ, অধ্যাপক আর আই এম আমিনুর রশীদ, অধ্যাপক শরীফউল্লাহ ভুঁইয়া, অধ্যাপক হারুন-অর-রশীদসহ প্রায় ৩০ জন শিক্ষক উপস্থিত ছিলেন।